

‘১০০ দিনে অভাব হবে না অর্থের’

নয়াদিল্লি, ১৫ মার্চ: বাজেটে ১০০ দিনের প্রকল্পে বরাদ্দ কমানো নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে সংসদীয় কমিটি। কিন্তু কেন্দ্রের তরফে জানানো হল, মজুরির জন্য অর্থের চাহিদা বাড়লে অর্থের অভাব হবে না। বুধবার রাজ্যসভায় রিপোর্ট পেশ করে গ্রামোন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি জানিয়েছে, ২০২২-২৩ সালের তুলনায় ২০২৩-২৪ সালে ১০০ দিনের কাজে বরাদ্দ ২৯,৪০০ কোটি টাকা বরাদ্দ কমানো হয়েছে। জবাবে কেন্দ্র জানিয়েছে, গত ২-৩ বছরে কোভিড, ইউক্রেন যুদ্ধ ও মূল্যবৃদ্ধির ফলে অস্বাভাবিক পরিস্থিতি তৈরি হয়েছিল। ফলে বরাদ্দ বাড়ানো হয়েছিল। এখন পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হয়েছে।

সংবাদ সংস্থা